

12 সেপ্টেম্বর, 2017

প্রিয় শিক্ষার্থী, পরিবারবর্গ, এবং স্কুলকর্মীগণ,

অভিবাসীদের কন্যা হিসেবে, একটি নতুন দেশের সাথে খাপখাওনোর চ্যালেঞ্জসমূহের সাথে আমি পরিচিত। একজন প্রকৃত শিক্ষক এবং প্রিন্সিপ্যাল হিসেবে, আমি জানি প্রত্যেকের – শিক্ষার্থী, পরিবার, এবং স্কুল-কর্মীর আমাদের স্কুলসমূহে সাফল্য অর্জনের মূল অবস্থাগুলির একটি হলো – নিরাপদ, আমন্ত্রিত এবং মর্যাদা বোধ থাকা।

হোয়াইট হাউস প্রদত্ত ঘোষণা যা ডেফারড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভ্যাল (DACA) কর্মসূচির সমাপ্তি সম্পর্কিত প্রেসিডেন্ট ট্রাম্পের পরিকল্পনা – সেটি আমাদের সিটির অনেকের জন্যই দারুণ হতাশাব্যাঞ্জক। এটি আমাদের ন্যায়পরায়ণতা, সমতা এবং পারস্পরিক মর্যাদাবোধের প্রতি চ্যালেঞ্জ।

আমি স্পষ্টভাবে জানাতে চাই যে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলি প্রত্যেকের জন্য, তাদের অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, নিরাপদ এবং আন্তরিক পরিবেশপূর্ণ। আমাদের প্রয়োগ থাকা প্রত্যেক শিক্ষার্থীকে, আমাদের মাঝের প্রতিটি পরিবার, এবং আমাদের বিভিন্ন স্তরের প্রত্যেক কর্মী সদস্যকে সুরক্ষিত রাখায় আমাদের ক্ষমতায় যা আছে আমরা সবই করবো।

**আপনি যদি ড্রিমার হয়ে থাকেন, আপনার জন্য সহায়তা লভ্য রয়েছে।** আপনি যদি ডাকা (DACA) সুবিধাভোগী হন, অথবা এমন কোন ড্রিমারকে চেনেন যার সহায়তার প্রয়োজন আছে, অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, সিটির বিভিন্ন রিসোর্স রয়েছে, এর মধ্যে আছে ফ্রি, গোপনীয় অভিবাসনজনিত আইনি পরিষেবা। আরও তথ্য এবং বাংলাতে ডাকা সম্পর্কিত তথ্য বিবরণীর একটি শিটের জন্য [nyc.gov/DACA](http://nyc.gov/DACA) সাইট দেখুন।

আমি যখন সমাজ পাঠ পড়াতাম, শিক্ষার্থীদেরকে পারস্পরিক মর্যাদাবোধের বিষয়টিকে মূলে রেখে তারা যাতে প্রকৃত পার্থক্য আলোচনা করতে পারে সেটি নিশ্চিত করার কথাটি মনে রাখতাম, এবং চ্যান্সেলর হিসেবেও আমি স্কুলগুলিকে সেটি করতে উৎসাহিত করি। নিরাপদ শিক্ষণ পরিবেশ তৈরি করতে, প্রত্যেক শিক্ষার্থী অবশ্যই মর্যাদাবোধ অনুভব করবে এবং নিজেকে সবার একজন ভাবে। ডিপার্টমেন্ট অফ এডুকেশন (DOE) আমাদের সকল পরিবারের প্রতি সর্বদা প্রতিশ্রুতিবদ্ধ, জাতীয় স্তরে যেকোন পরিবর্তন ঘটুক না কেন।

এর অন্তর্ভুক্ত আমাদের শিক্ষার্থী এবং কর্মীদের অধিকার সুরক্ষার প্রতিশ্রুতি। ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট (ICE) কর্মীসহ ফেডারেল এজেন্টগণকে স্কুলে প্রবেশের অনুমতি দেয়া হবে না, এর ব্যতিক্রম শুধু আইনগত বাধ্যবাধকতার ক্ষেত্রে। এছাড়া, ডিওই স্কুল-কর্মী এবং শিক্ষার্থীদের অভিবাসনগত অবস্থার কোন খোঁজ রাখে না, এবং আইনের শর্ত না থাকলে কোন তথ্য প্রকাশ করবে না। আমাদের শিক্ষার্থী এবং কর্মীদের সুরক্ষিত রেখে, আমরা শিক্ষকতা এবং শিক্ষণের গুরুত্বপূর্ণ কাজে সকল অভিনিবেশ প্রদান করতে পারি। পরিবার এবং শিক্ষকদের জন্য লভ্য সহায়তার উপর বাড়তি তথ্যের জন্য, <http://schools.nyc.gov/SupportingAllStudents> সাইট দেখুন। মর্যাদাবোধ, ধৈর্য, এবং গ্রহণযোগ্যতা বিষয়ে যে আমরা প্রতিশ্রুতিবদ্ধ সেসম্পর্কে আপনার পরিবারের সাথে আমরা আপনাকে কথা বলতে উৎসাহিত করি। নিউ ইয়র্ক সিটির বাসিন্দা হিসেবে আমরা অবশ্যই একাট্টা হয়ে দাঁড়াবো।

আপনার বিশ্বস্ত,



কারমেন ফারিনিয়া

Chancellor